17

দৈনিক সংবাদ

তারিখ ..0 4. AUG. 1998 .. ..
পৃষ্ঠা 7 কলাম 5 ......

# ফল বেরুলো এবার উদ্বেগ ভর্তির

(নিজস্ব বার্তা পরিবেশক)

কলেজে ভর্তি নিয়ে সদ্য এসএসসি পরীক্ষায় উত্তীর্ণদের উদ্বেগ শুরু হয়েছে। এর কারণ ঃ এবার এসএসসিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে কলেজে ভর্তির পদ্ধতি থাকবে কিনা এ নিয়ে অনিশ্চয়তা। এমনকি দেশের ঐতিহ্যবাহী সেরা শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা কলেজে এবার উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে না বলেও শিক্ষার্থীরা খবর পেয়েছে। কলেজগুলোর কর্তৃপক্ষ এসব বিষয়ে সুস্পষ্টভাবে কিছু জানাতে না পেরে পরীক্ষার্থীদেরকে মন্ত্রণালয় হতে এ সংক্রান্ত নির্দেশের জন্য অপেক্ষা করার পরামর্শ দিচ্ছেন।

এসব বিষয়ে জানার জন্য ফোনে শিক্ষা সচিব কাজী রকিব উদ্দিন আহমদের সাথে

উদ্বেগ ঃ পৃঃ ১১ কঃ ২

## উদ্বেগ ঃ ভর্তি নিয়ে

(১ম পৃষ্ঠার পর)

তিনবার যোগাযোগের চেষ্টা করা হয়। তবে তার বাসা থেকে জানানো হয় যে, তিনি ব্যস্ত আছেন, কথা বলতে পারবেন না। শেষবার বলা হয় তিনি বাসায় নেই।

কলেজ পর্যায়ের ভর্তি পরীক্ষায় ব্যাপক অনিয়মের অভিযোগের কারণে গত বিএনপি সরকার এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে পরবর্তী পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পদ্ধতি চালু করে। তবে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়গুলো সরকারি এ সিদ্ধান্তের বাইরে নিজস্ব উদ্যোগে ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া চালু রাখে।

নম্বরের ভিত্তিতে ভর্তি প্রক্রিয়ার বিপক্ষে প্রথম থেকেই বিভিন্ন মহল থেকে যুক্তি দেখানো হয় যে, কোন মেধাবী শিক্ষার্থী দুর্ভাগ্যবশত পরীক্ষায় সামান্য খারাপ করার পর নম্বরের ক্ষেত্রে পিছিয়ে পড়ে। তাই তাদেরকে প্রতিযোগিতায় বসার সুযোগ দিতে ভর্তি পরীক্ষা চালু করা উচিত। এছাড়া কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে, বিশেষ করে মফস্বলের অনেক স্থানে নকলের সুযোগ নিয়ে শিক্ষার্থীরা নম্বর বেশি পায়। ফলে তারা ভর্তির ক্ষেত্রে এগিয়ে যায়।

ভর্তি পরীক্ষার পক্ষে-বিপক্ষে নানারকম যুক্তির এই পর্যায়ে এবার শিক্ষার্থীদের মধ্যে খবর ছড়িয়ে পড়ে যে, নম্বরের ভিত্তিতে ভর্তি পদ্ধতি বাতিল হচ্ছে। আবার চালু হচ্ছে ভর্তি পরীক্ষা পদ্ধতি। এ বিষয়ে বিভিন্ন কলেজে খোঁজ নিতে গেলে শিক্ষকগণ জানান, তারাও এমনটি শুনেছেন। তবে এখন পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয় হতে এ সংক্রান্ত কোন নির্দেশ না আসায় তারা এ বিষয়ে নিশ্চিত নন।

শিক্ষার্থীদের মধ্যে আরেকটি খবর ছড়িয়ে পড়েছে এইচএসসি পরীক্ষায় বরাবরই শীর্ষস্থানে থাকা রাজধানীর ঢাকা কলেজকে ঘিরে। অনেক শিক্ষার্থীই জেনেছে যে, এবার ঢাকা কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্রভর্তি করা হবে না। আগামী বছর থেকে কলেজটি পুরোপুরি স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান হয়ে যাবে।

এ ব্যাপারে ঢাকা কলেজের শিক্ষকদের সাথে যোগাযোগ করা হলে তারা জানান, গত বছরও শিক্ষা মন্ত্রণালয় হতে এমন নির্দেশ আসবে বলে শোনা গিয়েছিল; কিন্তু শেষ পর্যন্ত সেবার এমন নির্দেশ আসেনি। ফলে ছাত্র ভর্তি করা হয়েছে। এবারও শোনা যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয় এমন নির্দেশ পাঠাবে; কিন্তু এখন পর্যন্ত এ নির্দেশ আসেনি।